# হজ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ সপ্তম অধ্যায় : মদীনা সফর

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

মদীনা মুনাওওয়ারা সংক্রান্ত কিছু বিদআত

১. রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কবরের উদ্দেশ্যেই শুধু সফর করা।

২. হজে গমনকারিদের মাধ্যমে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে কোন কিছু চেয়ে পাঠানো।

৩. মদীনায় প্রবেশের পূর্বে গোসল করা।

৪. মদীনায় প্রবেশের সময় কুরআন ও হাদীসে বর্ণিত হয়নি এমন দো‘আ বানিয়ে বলা।

৫. মসজিদে নববীতে প্রবেশ করে কোন সালাত আদায়ের পূর্বেই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কবর যিয়ারতের জন্যে যাওয়া।

৬. কবরের সামনে সালাতে দাঁড়ানোর মত ডান হাত বাম হাতের ওপর রেখে হাত বেঁধে দাঁড়ানো।

৭. দু’আ করার সময় কবরের দিকে ফিরে দো‘আ করা।

৮. কবরের দিকে ফিরে দু’আ করলে কবুল হবে মনে করা।

৯. রাসূলের সত্ত্বা তাঁর সম্মানের অসীলা দিয়ে দু’আ করা।

১০. রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে সুপারিশ চাওয়া।

১১. এটা মনে করা যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের অবস্থা জানেন। এরূপ মনে করা সুস্পষ্ট শিরক।

১২. রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কবরের ছোট ছিদ্র পথে বরকত লাভের আশায় হাত ঢুকানো। এটাও শিরক।

১৩. বরকত লাভের আশায় কবর চুম্বন অথবা স্পর্শ করা এবং কবরের সাথে লাগোয়া কোন কাঠ ছোয়া বা স্পর্শ করা।

১৪. কবর যিয়ারতের সময় [وَلَوۡ أَنَّهُمۡ إِذ ظَّلَمُوٓاْ أَنفُسَهُمۡ .... ﴿ [النساء: ٦٤] – (নিসা ৬৪ নং) আয়াত পড়া।

১৫. রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কবরের দিকে ফিরে সালাত আদায় করা।

১৬. কবরের কাছে বসে কুরআন পাঠ বা যিকর করা।

১৭. প্রতি সালাতের পরই কবর যিয়ারতের জন্য কবরের কাছে যাওয়া।

১৮. মসজিদে প্রবেশ করেই কবর যিয়ারত করার মানসিকতা।

১৯. মসজিদে নববীতে প্রবেশ করার সময় এবং বের হওয়ার সময় কবরের দিকে মুখ করে থাকা।

২০. দূর থেকে কবরকে উদ্দেশ্য করে বিনীতভাবে দাঁড়িয়ে কান্নাকাটি করা।

২১. সালাতের পর পর আসসালামু আলাইকা ইয়া রাসূলাল্লাহ বলা।

২২. মসজিদের প্রথম অংশ বাদ দিয়ে রওযাতে সালাত পড়া উত্তম মনে করা।

২৩. মদীনার মসজিদুর রাসূল এবং কুবা’ মসজিদ ছাড়া অন্য মসজিদে সওয়াবের উদ্দেশ্যে গমন করা।

২৪. প্রতিদিন বাকী‘ কবরস্থান যিয়ারত করা।

২৫. উহুদের শহীদদের কবরের কাছে গিয়ে তাদের কাছে কিছু চাওয়া। তাদের দিকে ফিরে দু’আ করা।

২৬. মসজিদ থেকে বের হওয়ার সময় পেছন দিকে উল্টো হেঁটে বের হওয়া।

২৭. মদীনার মাটি বয়ে নিয়ে বেড়ানো।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7453

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন